



দায়িত্বশীল কর্তৃপক্ষ
যারা কার্যবাধীর
প্রয়োজনীয়
নির্মেশনাগুহ্যে পূরণ
করা

অনুমতি প্রদত্তির
ভিত্তিতে সংগঠিত
স্টেকহোল্ডারদের
সহযোগে সম্পদের
পরিকল্পনা ও
ব্যবস্থাপনা নিশ্চিত
করা

আরও বিস্তারিত জানার জন্য, যোগাযোগ করুন-

ড. আব্দুল্লাহ আল মুয়েদ

aamuyeed@cwisfsmsupportcell.org

শহরভিত্তিক জনসংখ্যার ক্রমাগত বৃদ্ধি বাংলাদেশে উন্নত স্যানিটেশন ব্যবস্থাপনার অর্জনকে ব্যাহত করছে। শহরব্যাপী অন্তর্ভুক্তিমূলক স্যানিটেশন (CWIS) প্রক্রিয়ায় প্রতিটি শহরের চাহিদা অনুযায়ী পরিকল্পিত স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন ও প্রয়োজনীয় স্যানিটেশন পরিষেবা দিয়েই একটি শক্তিশালী পরিবর্তিত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তুলতে সহায়ক হয়।

বাংলাদেশে ছোটো-বড়ো শহর মিলিয়ে ৩২৯টি পৌরসভা এবং ১২টি সিটি কর্পোরেশন, যেখানে মাঝারি থেকে বড়ো আকারের শহর বিদ্যমান। সরকার ২০৩০ সালের মধ্যে নিরাপদে পরিচালিত স্যানিটেশন অর্জনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং CWIS অ্যাপ্রোচ সেই পথটিকেই প্রশংস্ত করছে। CWIS অ্যাপ্রোচটি মূলত একটি শহরের জনগণের স্যানিটেশন পরিষেবার মূল ফলাফল যেমন- পরিষেবা প্রদানে ন্যায্যতা, নিরাপদকরণ ও স্থায়ীত্বশীলতার উপর নির্ভর করে। CWIS অ্যাপ্রোচের তিনটি নির্দিষ্ট কর্মক্ষেত্র আছে- যার মধ্যে সুনির্দিষ্ট অন্তর্ভুক্তিমূলক নির্দেশনা-সহ একটি দায়িত্বশীল কর্তৃপক্ষ, অন্তর্ভুক্তিমূলক পরিষেবা প্রদানে সম্পদ (আর্থিক, অবকাঠামোগত ও মানবসম্পদ) পরিকল্পনা ও ব্যবস্থাপনা এবং এই নির্দেশনা কার্যকর করার জন্য জবাবদিহিতা নিশ্চিতকরণ। CWIS অ্যাপ্রোচের কর্মক্ষেত্র উপস্থাপনে নগর উন্নয়ন পেশাদারগণ, স্টেকহোল্ডারগণ এবং শহর কর্তৃপক্ষ সকলেরই জানা প্রয়োজন, কীভাবে স্যানিটেশন একটি শহরের গঠন ও কার্যকারিতায় প্রভাব ফেলে; কীভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করে এবং প্রয়োজনীয় অগ্রগতির ক্ষেত্রে ন্যায্যতাকে এগিয়ে নেয়। যার ফলশ্রুতিতে একটি শহরের জন্য পয়ঃবর্জ্য ও কঠিন বর্জের টেকসই, ন্যায্যতাভিত্তিক ও নিরাপদ ব্যবস্থাপনা অর্জনে সহায়ক হয়।

কমিউনিটি, পৌরসভা এবং জাতীয়পর্যায়ে CWIS অ্যাপ্রোচের প্রসারে একটি অনুকূল পরিবেশ তৈরিতে CWIS-FSM সাপোর্ট সেল-জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ওয়াটারএইড, মিউনিসিপ্যাল এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব) এবং অন্যান্য সেক্টর স্টেকহোল্ডার

একত্রে কাজ করছে, যেখানে বিভিন্ন প্রযুক্তিগত সমাধানের মিশ্রণ-সহ সম্ভবপর সম্পদের পুনরুদ্ধার ও পুনর্ব্যবহারের সুযোগ রয়েছে। সকলের জন্য নিরাপদে ব্যবস্থাপনাকৃত স্যানিটেশন নিশ্চিতকরণে পূর্ণাঙ্গ স্যানিটেশন ভ্যালু চেইনের অন্তর্ভুক্তিকরণের অর্থহী হলো, CWIS অ্যাপ্রোচের প্রতিষ্ঠানিকীকরণের দিকে নিশ্চিতভাবে একধাপ এগিয়ে যাওয়া। মানুষের অধিকার ও মর্যাদার জন্য উন্নত স্বাস্থ্য, সুস্থিতা এবং নিরাপদ স্যানিটেশনের নির্বাচন একটি অপরিহার্য বিষয়। প্রস্তুতকৃত ও উপস্থাপিত পয়ঃবর্জ্য/মলবর্জের প্রবাহ চিত্র (এসএফডি) দ্বারা নির্ধারিত পৌরসভার নিরাপদে ব্যবস্থাপনাকৃত স্যানিটেশন ব্যবস্থা এবং পৌর কর্তৃপক্ষের জবাবদিহিতা প্রদর্শন করা হয়েছে। উপস্থাপিত এই ৪০টি মলবর্জের প্রবাহচিত্র (এসএফডি) নির্ধারিত পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য CWIS অ্যাপ্রোচ অনুসৃণ করে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য ৬.২ অর্জনে পয়ঃবর্জ্য পরিশোধনের প্রয়োজনীয়তাকে প্রদর্শন করছে।

বাংলাদেশের পৌরসভা এবং সিটি কর্পোরেশনের পয়ঃবর্জ্য/মলবর্জের প্রবাহচিত্র (এসএফডি)*

